

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকারপল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর বিষয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. হুমায়রা সুলতানা
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও এপিএ টিম প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ ও সময় : ১৮/০৯/২০২৩ দুপুর ১২.০০ মি:।
সভার স্থান : সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'।

সভাপতি উপস্থিত অত্র বিভাগের নৈতিকতা কমিটির সকল সদস্য এবং জুম প্ল্যাটফর্মের সংযুক্ত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, ২০২৩-২৪ অর্থ বছরের ১ম প্রান্তিক সমাপ্ত হবে। কাজেই ১৫/১০/২০২৩ তারিখের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে বিধায় সভায় উপস্থিত সদস্যগণের নিকট নিজ নিজ দপ্তরের এপিএ'র বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হয়। সে অনুযায়ী সকল দপ্তর/সংস্থা'র ফোকালপয়েন্টগণ নিজ এপিএ'র বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০২। পরিশেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	সূচক: ২.১.২ আয়োজিত সেমিনার/কর্মশালা বাস্তবায়ন সংক্রান্ত	২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১ম প্রান্তিকের ন্যূনতম ১টি সেমিনার/কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২.	সূচক: ২.১.৩ পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা প্রদানের নিমিত্ত কমিটি গঠন সংক্রান্ত।	পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা প্রদানের বিষয়ে এ বিভাগ কর্তৃক একটি কমিটি গঠনপূর্বক সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে অবহিত করতে হবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বিআরডিবি।
৩.	সূচক: ২.৪.১ কর্মকর্তা কর্তৃক বিভিন্ন জেলা উপজেলায় চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন দাখিল সংক্রান্ত	২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শনের নিমিত্ত এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে পরিদর্শনপূর্বক প্রতিবেদন ও প্রমাণক এ বিভাগের এপিএ শাখায় দাখিলের পত্র প্রেরণ করতে হবে।	পরিদর্শনের নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ।
৪.	সূচক: ৩.৫.১ নতুন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত সূচকটির লক্ষ্যমাত্রা সংশোধন সংক্রান্ত	সমবায় অধিদপ্তর কর্তৃক নতুন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত লক্ষ্যমাত্রা ১০০% হ্রাসপূর্বক ৪০% হিসেবে সংশোধনের প্রস্তাব গৃহীত হলো না। নতুন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ইনটিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের ডাটাবেইজে সন্নিবেশের জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং সমবায় অধিদপ্তর।
৫.	সূচক: ৩.৫.২ পুরাতন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত সূচকটির	বিআরডিবি'র পুরাতন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত লক্ষ্যমাত্রা ৪০% হ্রাসপূর্বক ২০% হিসেবে সংশোধনের প্রস্তাব গৃহীত হলো না। পুরাতন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ইনটিগ্রেটেড ডিজিটাল	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বিআরডিবি।

	লক্ষ্যমাত্রা সংশোধন সংক্রান্ত	সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের ডাটাবেইজে সন্নিবেশের জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।	
৬.	প্রান্তিকের জন্য প্রতিবেদন প্রেরণ	আগামী ০৪/১০/২০২৩ তারিখের মধ্যে ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।	আত্মীয় দপ্তর/সংস্থা

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

h 25/10/2023

(ড. হুমায়রা সুলতানা)

অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)

ও

এপিএ টিম প্রধান

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.১৬.০৩১.২৩.১৯৪

২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫-কাওরান বাজার, ঢাকা।
- ০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-৫, এ্যাভিনিউ-৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা/আরডিএ, বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন (৭ম তলা) ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ০৬। এপিএ-টিমের সদস্য (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৭। সিস্টেম এনালিস্ট, (আইসিটি ইউনিট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। প্রোগ্রামার (আইসিটি ইউনিট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

অনুলিপি :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০২। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৩। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

হুমায়রা সুলতানা
 (মোহাম্মদ মিজানুর রহমান)
 উপসচিব (প্রশাসন)
 পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।